গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।

## বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ২১ সেপ্টেম্বর ২০১৪ তারিখে অনুষ্ঠিত ২১তম সভার কার্যবিবরণী।

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ২১তম সভা ২১ সেপ্টেম্বর, ২০১৪ তারিখ দুপুর ১.০০ টায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ও বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের চেয়ারম্যান ড. কামাল আবদুল নাসের চৌধুরী এর সভাপতিত্বে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সম্মানিত সদস্য/কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট - 'ক' তে দেখানো হলো।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকল সদস্য ও কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের জন্য বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের মহাপরিচালক ও বোর্ডের সদস্য-সচিব কানিজ ফাতেমা, এনডিসি - কে অনুরোধ করেন। মহাপরিচালক সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সভার আলোচ্যসূচী অনুযায়ী কার্যপত্র উপস্থাপনের জন্য পরিচালক(প্রশাসন ও কল্যাণ)-কে অনুরোধ করেন। পরিচালক (প্রশাসন ও কল্যাণ) সভার কার্যপত্র ধারাবাহিকভাবে উপস্থাপন করেন।

### ০১। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের গত ১৩-০২-২০১৪ তারিখে অনুষ্ঠিত ২০তম সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের গত ১৩-০২-২০১৪ তারিখে অনুষ্ঠিত ২০তম সভার কার্যবিবরণী বোর্ডের সম্মানিত সদস্যদের নিকট যথাসময়ে প্রেরণ করা হয়েছিল। কার্যবিবরণী সম্পর্কে সম্মানিত সদস্যদের নিকট হতে কোনরূপ সংশোধনী প্রস্তাব/মন্তব্য না পাওয়ায় কার্যবিবরণীটি নিশ্চিত (Confirm) করা হয়।

### ০২। বিগত ১৩-০২-২০১৪ তারিখে অনুষ্ঠিত বোর্ডের ২০তম সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।

### ২.১ বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের দিলকুশাস্থ নিজস্ব জায়গায় ৩০তলা ভবন নির্মাণ প্রসঙ্গে।

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ভবন নির্মাণ সংক্রান্ত বিষয়ে পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগের প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভা গত ০৬-০৬-২০১৩ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক ভবনের জন্য প্রস্তাবিত জায়গার সয়েল টেষ্ট এর কাজ সম্পন্ন হয়েছে এবং ডিপিপি পুনর্গঠন করে ২৭-০৩-২০১৪ তারিখে অত্র বোর্ডে প্রেরণ করা হয়। ডিপিপি পরীক্ষা করে দেখা যায় যে, ভবনের নকশা প্রণয়নের ক্ষেত্রে Floor Area Ratio (FAR) অনুসরণ করা হয়নি। তাছাড়া নকশায় লিফট জোন, টয়লেট জোন ও অগ্নি নির্বাপক ব্যবস্থা সুবিন্যস্ত রেখে নকশাটি যুগোপযোগী করা প্রয়োজন। ইতোমধ্যে স্থাপত্য অধিদপ্তর নকশায় উল্লিখিত বিষয়গুলোকে সন্নিবেশপূর্বক যুগোপযোগী নকশা প্রণয়ন করে গত ২০-০৭-২০১৪ তারিখে অত্র বোর্ডে প্রেরণ করেছে। ভবনের পরিবর্তিত নকশা অনুমোদন ও প্রকল্পের প্রাক্কলিত

ব্যয়ে বোর্ডের ম্যাচিং ফান্ডের পরিমান বৃদ্ধির বিষয়ে আলোচনার জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ও বোর্ডের চেয়ারম্যান এর সভাপতিত্বে আগামী ৩০-০৯-২০১৪ তারিখে এক সভা অনুষ্ঠিত হবে বলে

পরিচালক (প্রশাসন ও কল্যাণ) সভাকে অবহিত করেন। তিনি আরো জানান যে, বর্তমানে প্রণয়নকৃত নকশা অনুমোদিত হলে ডিপিপি চূড়ান্ত করে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা সম্ভব হবে। এ বিষয়ে সভাপতি মতামত ব্যক্ত করেন যে, আগামী ৩০-০৯-২০১৪ তারিখের সভায় ভবনের Three Dimentional Presentation অবলোকন করে এবং বিস্তারিত আলোচনান্তে ভবনের নকশার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

**সিদ্ধান্ত** ঃ আগামী ৩০-০৯-২০১৪ তারিখের সভায় ভবনের নকশার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ ও নকশা অনুমোদনপূর্বক পুনর্গঠন ডিপিপি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরিকল্পনা বিভাগের ভৌত অবকাঠামো বিভাগে প্রেরণ করতে হবে।

**বাস্তবায়ন** ঃ (১) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত প্রকল্প বিভাগ-২, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
(২) সহকারী প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, ঢাকা।

## ২.২ বোর্ডের নিজস্ব কমিউনিটি সেন্টারের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতকরণ।

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড কর্তৃক পরিচালিত চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা বিভাগীয় কমিউনিটি সেন্টার কাম মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট ভবনের সংস্কারসহ অন্যান্য বিষয়ে আধুনিকরণের মাধ্যমে সুযোগ সুবিধা বৃদ্ধির ব্যাপারে সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনারকে আহবায়ক করে স্থাপত্য অধিদপ্তর, গণপূর্ত অধিদপ্তর ও বোর্ডের কর্মকর্তার সমন্বয়ে একটি কমিটি গঠন করা যেতে পারে। সংশ্লিষ্ট কমিটি কমিউনিটি সেন্টার কাম মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের সর্বোচ্চ ব্যবহারের জন্য কি কি সংস্কার প্রয়োজন তা নিশ্চিত করবেন ও কি কি ব্যবস্থা নেয়া যেতে পারে, তাতে কি পরিমান অর্থের প্রয়োজন হবে এবং কি পরিমান অর্থ আয় হতে পারে সে বিষয়ে একটি প্রতিবেদন বোর্ডের প্রধান কার্যালয়ে দাখিল করার জন্য একমত পোষন করা হয়।

**সিদ্ধান্ত** ঃ(১) সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনারকে আহবায়ক করে স্থাপত্য অধিদপ্তর, গণপূর্ত অধিদপ্তর ও বোর্ডের কর্মকর্তার সমন্বয়ে একটি কমিটি গঠন করতে হবে।

(২) সংশ্লিষ্ট কমিটি কমিউনিটি সেন্টার কাম মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের সর্বোচ্চ ব্যবহারের জন্য কি কি সংস্কার প্রয়োজন তা নিশ্চিত করবেন। তাতে কি পরিমান অর্থের প্রয়োজন হতে পারে এবং কি পরিমান অর্থ আয় হতে পারে সে বিষয়ে একটি প্রতিবেদন বোর্ডের প্রধান কার্যালয়ে দাখিল করবেন।

**বাস্তবায়ন** ঃ উপ-পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা।

-৪২-

## ২.৩ কল্যাণ ভাতার কার্ড ভিত্তিক হিসাব সোনালী ব্যাংক ও বোর্ডের বিভাগীয় কার্যালয়সমূহের হিসাব রিকনসাইল করে সমন্বয় করা প্রসঙ্গে।

কল্যাণ ভাতার কার্ড ভিত্তিক মঞ্জুরিকৃত অর্থের চূড়ান্ত হিসাব বিবরণী তৈরি করে ১৩-০৩-২০১৪ তারিখের মধ্যে বিভাগীয় পর্যায়ে সোনালী ব্যাংকের কর্পোরেট শাখার নিকট প্রেরণ করতে হবে এবং বোর্ডের বিভাগীয় কার্যালয়সমূহ ও বিভাগীয় পর্যায়ে সোনালী ব্যাংকের সংশ্লিষ্ট কর্পোরেট শাখা হিসাব রিকনসাইল করার পর সমন্বিত হিসাব বিবরণী বোর্ডের প্রধান কার্যালয়ে জরুরী ভিত্তিতে প্রেরণ করতে হবে মর্মে গত ১৩-০২-২০১৪ তারিখে বোর্ডের ২০তম সভায় সিদ্ধান্ত গৃহীত হয়েছিল। তৎপ্রেক্ষিতে বিভাগীয় কার্যালয়সমূহে কার্ড ভিত্তিক মঞ্জুরিকৃত অর্থের চূড়ান্ত হিসাব বিবরণী তৈরি করে সংশ্লিষ্ট বিভাগের সোনালী ব্যাংকের কর্পোরেট শাখার মাধ্যমে রিকনসাইল করে বোর্ডের প্রধান কার্যালয়ে প্রেরণের জন্য ২৪-০৮-২০১৪ তারিখে তাগিদ পত্র দেয়া হয়েছে। কিন্তু সকল বিভাগ থেকে এখনও রিকনসাইলকৃত হিসাব বিবরণী পাওয়া যায়নি। বর্ণিত অবস্থায়, আগামী ১ মাসের মধ্যে বোর্ডের বিভাগীয় কার্যালয়সমূহ থেকে সোনালী ব্যাংকের হিসাবের সাথে রিকনসাইলকৃত হিসাব প্রেরণের জন্য সংশ্লিষ্ট বিভাগীয় অফিসে প্রেরণের জন্য অভিমত ব্যক্ত করা হয়।

**সিদ্ধান্ত ঃ** (১) বিভাগীয় কার্যালয় থেকে কল্যাণ ভাতার কার্ড ভিত্তিক হিসাব বিবরণী সোনালী ব্যাংক লিঃ, সংশ্লিষ্ট বিভাগীয় কর্পোরেট শাখা কর্তৃক রিকনসাইলকৃত হিসাব ১ মাসের মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।

**বাস্তবায়ন ঃ** (১) বোর্ডের প্রধান কার্যালয় ও বোর্ডের সকল বিভাগীয় কার্যালয়।
(২) ডিজিএম, সোনালী ব্যাংক লিমিটেড, রমনা কর্পোরেট শাখা ঢাকা ও বিভাগীয় কর্পোরেট শাখার প্রধান।

## ২.৪ মতিঝিলস্থ মহিলা কারিগরী প্রশিক্ষণ কেন্দ্র কাম কমিউনিটি সেন্টারের হল রুমে শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র স্থাপন এবং সংস্কার কাজ প্রসংগে।

মতিঝিল মহিলা কারিগরী প্রশিক্ষণ কেন্দ্র-কাম-কমিউনিটি সেন্টারে শীতাতপ যন্ত্র স্থাপন ও অন্যান্য প্রয়োজনীয় কাজ সম্পাদনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। কিন্তু যথাযথ তথ্য ও উপাত্ত পরিপূর্ন না থাকায় কমিউনিটি সেন্টারে শীতাতপ যন্ত্র স্থাপন ও অন্যান্য বিষয়ে ভিন্ন মত পোষণ করা হয়। এ প্রেক্ষিতে মতিঝিলস্থ মহিলা কারিগরী প্রশিক্ষণ কেন্দ্র-কাম-কমিউনিটি সেন্টারের জমির পরিমান ও ভবনের আয়তনসহ অন্যান্য বিষয়ে প্রয়োজনীয় তথ্য ও উপাত্ত সন্নিবেশ করে একটি প্রতিবেদন ১৫ দিনের মধ্যে প্রেরণের জন্য সভায় মতামত ব্যক্ত করা হয়।

**সিদ্ধান্ত ঃ** (১) মতিঝিলস্থ মহিলা কারিগরী প্রশিক্ষণ কেন্দ্র-কাম-কমিউনিটি সেন্টারের জমির পরিমান ও ভবনের আয়তনসহ অন্যান্য বিষয়ে প্রয়োজনীয় তথ্য ও উপাত্ত পরিপূর্ণ ভাবে সন্নিবেশ করে একটি প্রতিবেদন ১৫ দিনের মধ্যে প্রণয়ন করে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।

(২) শীতাতপ যন্ত্র স্থাপন করা হলে কত ব্যয় ও কত আয় হতে পারে এবং শীতাতপ যন্ত্র স্থাপন করতে গেলে আরও আনুষাঙ্গিক কি কি কার্যাদি সম্পন্ন করতে হবে তার একটি প্রাক্কলন প্রণয়ন করতে হবে।

**বাস্তবায়ন ঃ** পরিচালক (কর্মসূচী ও যৌথবীমা), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।

**২.৫ কর্মকর্তা/কর্মচারীদের মৃত্যুর পর কবরস্থানের জন্য অকৃষি খাস জমি জায়গা বন্দোবস্ত নীতিমালা মোতাবেক বন্দোবস্ত গ্রহণের অনুমোদন প্রসঙ্গে।**

কবরস্থান নির্মাণের জন্য সরকারের অকৃষি খাস জমি বন্দোবস্ত/অধিগ্রহণের জন্য জেলা প্রশাসক, নারায়নগঞ্জ ও মানিকগঞ্জ বরাবরে গত ১২-০২-২০১৪ তারিখে আবেদন করা হয়েছে। এ ব্যাপারে ১৬-০৯-২০১৪ তারিখে জেলা প্রশাসন নারায়নগঞ্জ ও মানিকগঞ্জ এর সাথে টেলিফোনে কথা বলে জানা গেছে যে কবরস্হানের জন্য নির্ধারিত অকৃষি খাস জমি বন্দোবস্তের বিষয়টি বিবেচনাধীন আছে। এ বিষয়ে সভাপতি অভিমত ব্যক্ত করেন যে, টেলিফোনে আলোচনা করা হলেও চিঠি দিয়ে জেলা প্রশাসনের মতামত গ্রহণ করতে হবে এবং এ ব্যাপারে বিভাগীয় কমিশনারগনের সহযোগীতার জন্য উক্ত চিঠির কপি বিভাগীয় কমিশনারদের নিকট প্রেরণ করার পরামর্শ দেন।

**সিদ্ধান্ত ঃ** কবরস্হানের জন্য বিভাগীয় কমিশনারগণের মাধ্যমে সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পত্র দিতে হবে।

**বাস্তবায়ন ঃ** মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।

**বোর্ডের ২১ তম সভার আলোচ্য বিষয় ও গৃহতি সিদ্ধান্তসমুহ।**

**০৩। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, যৌথবীমা তহবিল ও কল্যাণ তহবিলের ২০১৪-২০১৫ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট অনুমোদন সংক্রান্ত।**

**যৌথবীমা তহবিল ঃ** যৌথবীমা তহবিলের কার্যক্রমকে স্বাভাবিকভাবে অব্যাহত রাখার জন্য বিস্তারিত আলোচনা ও কিছু দিক নির্দেশনা প্রদানপূর্বক যৌথবীমা তহবিলের ২০১৪-২০১৫ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট অনুমোদন করা হয় (পরিশিষ্ট - 'ক')।

**কল্যাণ তহবিল ঃ** কল্যাণ তহবিলের কার্যক্রমকে স্বাভাবিকভাবে অব্যাহত রাখার জন্য বিস্তারিত আলোচনা ও কিছু দিক নির্দেশনা প্রদানপূর্বক কল্যাণ তহবিলের ২০১৪-২০১৫ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট অনুমোদন করা হয় (পরিশিষ্ট - 'খ')।

**সিদ্ধান্ত ঃ** যৌথবীমা তহবিল ও কল্যাণ তহবিলের ২০১৪-২০১৫ অর্থ বছরের বাজেট অনুমোদন করা হয়। আগামী ২০১৫-২০১৬ অর্থ বছরের বাজেট প্রণয়নে বোর্ডের কার্যক্রম অনুযায়ী যাবতীয় তথ্যাদি সন্নিবেশ করে পুস্তকাকারে উপস্থাপন করতে হবে।

**বাস্তবায়ন ঃ** বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।

৩। **বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের রাজস্ব খাতের বিভিন্ন সাহায্য মঞ্জুরির জন্য প্রধান কার্যালয়ের বাছাই কমিটি ও উপ-কমিটি পুণর্গঠনের অনুমোদন প্রসঙ্গে।**

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড আইন, ২০০৪ এর ১১নং ধারা মোতাবেক বোর্ড এ আইনের উদ্দশ্যে পূরণকল্পে এক বা একাধিক কমিটি গঠন করতে পারবে। আইনের উক্ত ধারা মোতাবেক রাজস্ব তহবিল হতে (১) শিক্ষাবৃত্তি, (২) চিকিৎসা সাহায্য ও (৩) ক্লাব কমিটিউনিটি সেন্টারের অনুদান মঞ্জুরি দানের জন্য কেন্দ্রীয়ভাবে নিম্নরূপ বাছাই কমিটি ও উপ-কমিটি গঠনের প্রস্তাব করা হয়।

**(ক) বোর্ড তহবিল (রাজস্ব) হতে প্রদত্ত শিক্ষাবৃত্তি, চিকিৎসা সাহায্য ও ক্লাবের অনুদান বরাদ্দ সংক্রান্ত বাছাই কমিটি ঃ**

| | | | |
|---|---|---|---|
| (০১) | পরিচালক (কর্মসূচী ও যৌথবীমা), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, ঢাকা। | - | আহবায়ক |
| (০২) | সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব, কল্যাণ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়। | - | সদস্য |
| (০৩) | সিভিল সার্জন, বাংলাদেশ সচিবালয় ক্লিনিক এর প্রতিনিধি (মেডিক্যাল অফিসার পদমর্যাদা সম্পন্ন)। | - | সদস্য |
| (০৪) | উপ-পরিচালক (কর্মসূচী ও যৌথবীমা), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, ঢাকা। | - | সদস্য-সচিব |

**(খ) বোর্ড তহবিল (রাজস্ব) হতে প্রদত্ত শিক্ষাবৃত্তি, চিকিৎসা সাহায্য ও ক্লাবের অনুদান বরাদ্দ সংক্রান্ত উপ-কমিটি ঃ**

| | | | |
|---|---|---|---|
| (০১) | মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, ঢাকা। | - | সভাপতি |
| (০২) | যুগ্ম-সচিব(সওক)/উপ-সচিব (সওক), জনপ্রশাসন মন্ত্রণালয়। | - | সদস্য |
| (০৩) | অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের একজন প্রতিনিধি। (উপ-সচিব পদমর্যাদা সম্পন্ন) | - | সদস্য |
| (০৪) | শিক্ষা মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি। (উপ-সচিব পদমর্যাদা সম্পন্ন) (শিক্ষাবৃত্তির ক্ষেত্রে) | - | সদস্য |
| (০৫) | পরিচালক (কর্মসূচী ও যৌথবীমা), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, ঢাকা। | - | সদস্য |
| (০৬) | সিভিল সার্জন, বাংলাদেশ সচিবালয় ক্লিনিক এর প্রতিনিধি (মেডিক্যাল অফিসার পদমর্যাদা সম্পন্ন)। | - | সদস্য |
| (০৭) | প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয় এর প্রতিনিধি (হিসাব রক্ষণ অফিসার পদমর্যাদা সম্পন্ন) | - | সদস্য |
| (০৮) | উপ-পরিচালক (কর্মসূচী ও যৌথবীমা), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, ঢাকা। | - | সদস্য-সচিব |

উল্লেখ্য যে, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের কল্যাণ তহবিল হতে প্রদেয় চিকিৎসা, শিক্ষাবৃত্তি প্রদানের লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক ১৪ আগষ্ট, ২০১৪ তারিখে ০৫.১২৩.০০৬.০০.০০.০০৪.২০১৪-৩৮৩ নং স্মারকে এর মাধ্যমে কেন্দ্রীয়ভাবে বাছাই কমিটি ও উপ-কমিটি গঠনের অফিস আদেশ জারী করা হয়েছে। কেন্দ্রীয় উপ-কমিটি বিশেষ চিকিৎসা সাহায্য হিসেবে ২০ (বিশ) হাজার টাকা পর্যন্ত সাহায্য মঞ্জুরি প্রদান করতে পারবে। রাজস্ব তহবিল হতে প্রদয়ে (চিকিৎসা সাহায্য, শিক্ষাবৃত্তি ও ক্লাবের অনুদান) মঞ্জুরির জন্য প্রস্তাবিত বাছাই ও উপ-কমিটি অনুমোদন দেয়া যেতে পারে বলে সভায় মতামত ব্যক্ত করা হয়।

**সিদ্ধান্ত ঃ** বোর্ড তহবিল (রাজস্ব) হতে প্রদানকৃত সাহায্য মঞ্জুরির জন্য প্রস্তাবিত বাছাই ও উপ-কমিটি সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

**বাস্তবায়ন ঃ** বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।

## ০৫। বোর্ডের কল্যাণ তহবিলের বিশেষ সাহায্য প্রদান সংক্রান্ত বাছাই কমিটি ও উপ-কমিটির সদস্যদের সম্মানি প্রদান প্রসঙ্গে।

প্রজাতন্ত্রের সকল সরকারি ও বোর্ডের তালিকাভুক্ত ১৯ টি স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তা/ কর্মচারীদেরকে চিকিৎসার জন্য কল্যাণ তহবিল হতে ঢাকা মহানগরসহ বিভাগীয় পর্যায়ে বাছাই কমিটি ও উপ-কমিটির মাধ্যমে সাহায্য প্রদান করা হয়ে থাকে। চিকিৎসা সাহায্য প্রদানের ক্ষেত্রে প্রাপ্ত আবেদনপত্রসমূহ পরীক্ষা-নিরীক্ষা ও রোগের যথার্থতা নিরূপন করে বাছাই কমিটি কর্তৃক সাহায্য প্রদানের সুপারিশ করা হয়। বাছাই কমিটির সুপারিশের পর অর্থ মঞ্জুরির জন্য উপ-কমিটির সভায় উপস্থাপন করা হয়। বাছাই কমিটি কর্তৃক চিকিৎসা সাহায্যের বিপুল পরিমান আবেদনপত্র পুঙ্খানুপুঙ্খভাবে পরীক্ষা-নিরীক্ষা করা খুবই পরিশ্রমের কাজ। এ কাজের জন্য বাছাই কমিটির সদস্যদের কোন সম্মানি দেয়া হয় না। উপ-কমিটির সদস্যদেরকে প্রতি সভায় উপস্থিত থাকার জন্য সম্মানি হিসেবে প্রত্যেক সদস্যকে টাঃ ৩০০/- করে প্রদান করা হয়। উল্লেখিত অবস্থায় প্রধান কার্যালয় ও বিভাগীয় পর্যায়ে বাছাই কমিটির প্রত্যেক সদস্যকে প্রতি সভায় উপস্থিতির জন্য সম্মানি হিসেবে টাঃ ৫০০/- করে এবং উপ-কমিটির প্রত্যেক সদস্যকে প্রতি সভায় উপস্থিতির জন্য সম্মানি হিসেবে টাঃ ১,০০০/- করে প্রদানের প্রস্তাব করা হয়। কমিটির সদস্যদের সম্মানি প্রদানের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনার পর বাছাই কমিটির প্রত্যেক সদস্যকে প্রতি সভায় উপস্থিতির জন্য টাঃ ৫০০/- এবং উপ-কমিটির প্রত্যেক সদস্যকে প্রতি সভায় উপস্থিতির জন্য টাঃ ১,০০০/- করে দেয়ার ব্যাপারে সবাই একমত পোষণ করে।

**সিদ্ধান্ত ঃ** প্রধান কার্যালয় ও বিভাগীয় কার্যালয়সমূহের বাছাই কমিটির প্রত্যেক সদস্যকে প্রতি সভায় উপস্থিতির জন্য টাঃ ৫০০/- এবং উপ-কমিটির প্রত্যেক সদস্যকে প্রতি সভায় উপস্থিতির জন্য টাঃ ১,০০০/- করে সম্মানি প্রদান করা যাবে।

**বাস্তবায়ন ঃ** বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।

## ০৬। সরকারি কর্মকর্তা/কর্মচারীদের আবাসনের জন্য সহজ শর্তে দীর্ঘ মেয়াদী কিস্তিতে ৩০% প্লট/ফ্ল্যাট বরাদ্দ সংরক্ষণ প্রসঙ্গে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কর্মকর্তা/কর্মচারীদের জন্য চাকরিরত অবস্থায় বসবাসের জন্য গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীন আবাসন পরিদপ্তরের নিয়ন্ত্রণাধীন কিছু সরকারি বাসা বরাদ্দ দেয়া হয়। এ ব্যবস্থা সরকারি কর্মকর্তা/কর্মচারীদের জন্য কোন স্থায়ী ব্যবস্থা নয়। সমগ্র দেশব্যাপী প্রায় ১২ লাখ কর্মকর্তা/ কর্মচারীর তুলনায় সরকারি আবাসন সুবিধা খুবই অপ্রতুল। ফলে অধিকাংশ কর্মকর্তা/কর্মচারী সরকারি বাসা বরাদ্দ প্রাপ্তি থেকে বঞ্চিত হয়ে ভাড়া বাড়ীতে অত্যন্ত মানবেতর জীবন যাপন করতে হয়। ভাগ্যক্রমে যারা সরকারি বাসা পেয়ে থাকেন অবসর গ্রহণ বা মৃত্যুবরণ করলে সরকারি বরাদ্ধকৃত বাসা নির্ধারিত সময়ের পরে

ছেড়ে দিতে হয়। তারপর কর্মকর্তা ও কর্মচারীগণ চাকরি জীবনে তাদের সন্তানদের নিয়ে শহরে বসবাস করার পর অবসরগ্রহণ করে শহর ছেড়ে গ্রামের বাড়ীতে চলে যেতে হয় এবং গ্রামে অনভ্যস্থ পরিবেশে তাদের অসহায় জীবন যাপন করতে হয়। অধিকাংশ কর্মকর্তা/কর্মচারীর নিজ অর্থ দ্বারা জমি ক্রয় করে বাড়ী করার মত সামর্থ্য নেই। ফলে কর্ম জীবন শেষে পরিবার পরিজন নিয়ে এক অবর্ণনীয় দুরবস্থার মধ্যে পতিত হতে হয়। সরকারি কর্মকর্তা/কর্মচারী হিসাবে এ দুরবস্থা থেকে উত্তোরণ আবশ্যক। কর্মকর্তা/কর্মচারীদের স্থায়ীভাবে স্বল্প ব্যয়ে সহজশর্তে ঢাকা মহানগর বা প্রত্যেক বিভাগীয় ও জেলা/ উপজেলা সদরে সরকারিভাবে রাজউক, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সিডিএ সহ অন্যান্য প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত ফ্ল্যাট ও প্লট প্রকল্পে সরকারি কর্মকর্তা/ কর্মচারীদের জন্য সহজ শর্তে দীর্ঘ মেয়াদী কিস্তিতে ৩০% প্লট/ফ্ল্যাট বরাদ্দ সংরক্ষণ রাখার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে পত্র দেয়ার ব্যাপারে একমত পোষণ করা হয়।

এ ছাড়া বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের নিজস্ব অর্থায়নে সরকারি কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্লট/ফ্ল্যাট নির্মাণের ব্যাপারে বোর্ডের উদ্যোগকে স্বাগত জানানো হয়। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড যদি এ ধরণের কার্যক্রম গ্রহণ করতে পারে তাহলে সরকারি কর্মকর্তা/কর্মচারীগণ আরো বেশী উপকৃত হবে বলে মতামত ব্যক্ত করা হয়। এ ব্যাপারে প্রয়োজনীয় খাস/অধিগ্রহণযোগ্য জমি চিহ্নিত করার জন্য বিভিন্ন জেলা প্রশাসকগণকে পত্র দিয়ে বিভাগীয় কমিশনারকে অবহিত করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ

(১) কর্মকর্তা/কর্মচারীদের স্থায়ীভাবে স্বল্প ব্যয়ে সহজশর্তে ঢাকা মহানগর বা প্রত্যেক বিভাগীয় ও জেলা/ উপজেলা সদরে রাজউক, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সিডিএসহ অন্যান্য আবাসন প্রকল্প গ্রহনকারী কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত প্রকল্পে সহজ শর্তে দীর্ঘ মেয়াদী কিস্তিতে ৩০% প্লট/ফ্ল্যাট বরাদ্দ সংরক্ষণ করার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে অনুরোধ করা যেতে পারে।

(২) বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের নিজস্ব অর্থায়নে জমি ক্রয় ও সরকারি খাস জমি বন্দোবস্ত নিয়ে প্লট বা ফ্ল্যাট নির্মানের ব্যাপারে বিভিন্ন জেলা প্রশাসকগণকে পত্র দিয়ে বিভাগীয় কমিশনারকে অবহিত করতে হবে।

**বাস্তবায়ন ঃ** বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।

## ০৭। স্টাফবাস কর্মসূচী ও মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের কর্মরত কর্মকর্তা/ কর্মচারীগণের মাসিক বেতন হতে কল্যাণ তহবিলের নিয়মানুযায়ী চাঁদা ও যৌথবীমার প্রিমিয়াম কর্তন সাপেক্ষে বোর্ডের সুবিধাদি প্রদান প্রসঙ্গে।

সরকারি কর্মকর্তা কর্মচারীদের সময়মত অফিসে আনা-নেয়ার জন্য সাবেক সরকারি কর্মচারী কল্যাণ অধিদপ্তর এর নিয়ন্ত্রণাধীন স্টাফবাস কর্মসূচী ও মহিলা কারিগরী প্রশিক্ষণ কেন্দ্র চালু করা হয়। দীর্ঘ পথ পরিক্রমায় বর্তমানে স্টাফবাস কর্মসূচীতে ১৬৩ টি ও মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে ৪৭টি সহ সর্বমোট ২১০টি পদ রয়েছে। কিন্তু উক্ত পদসমূহে কর্মরত কোন কর্মকর্তা কর্মচারী মৃত্যুবরণ করলে বা অবসর গ্রহণ করলে সরকারি কর্মচারীদের ন্যায় বা বোর্ডের তালিকাভুক্ত স্বায়ত্বশাসিত সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের ন্যায়

আর্থিক সুযোগ সুবিধা পাচ্ছে না। স্টাফবাস কর্মসূচী ও মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের কর্মকর্তা কর্মচারীগণকে বোর্ডের তালিকাভুক্ত স্বায়ত্ত্বশাসিত সংস্থার কর্মকর্তা কর্মচারীদের ন্যায় মাসিক বেতন থেকে নির্ধারিত হারে কল্যাণ তহবিলের চাঁদা ও যৌথবীমার প্রিমিয়াম কর্তন সাপেক্ষে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড হতে প্রদেয় সুবিধাদি প্রদান করার ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা হয়। এ প্রসঙ্গে স্টাফবাস কর্মসূচীর জনবল, চাকরিতে নিয়োগের ধরণ ও বর্তমানে প্রাপ্ত সুবিধাদির বিবরণসহ অন্যান্য কি কি সুবিধা প্রদান করা যেতে পারে সে বিষয়ে বিস্তারিত উল্লেখ করে প্রতিবেদন দাখিল করার জন্য মতামত প্রদান করা হয়।

**সিদ্ধান্ত ঃ** স্টাফবাস কর্মসূচী ও মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের জনবল, চাকরিতে নিয়োগের ধরণ ও বর্তমানে প্রাপ্ত সুবিধাদির বিবরণসহ আরও কি কি সুবিধা প্রদান করা যেতে পারে সে বিষয়ে বিস্তারিত উল্লেখ করে প্রতিবেদন দাখিল করতে হবে।

**বাস্তবায়ন ঃ** পরিচালক (কর্মসূচী ও যৌথবীমা) বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২১/৩০/২০১৪

( ড. কামাল আবদুল নাসের চৌধুরী )
সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।